

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকর্ম : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৯৭/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ৩১ জানুয়ারি, বুধবার ২০২৪, ১৭ মাঘ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। রাজনৈতিক দলগুলোকে সহিংসতা ও নৈরাজ্যের পথ পরিহার করার আহ্বান রাষ্ট্রপতির
- ০২। জাতীয় বায়োব্যাংকের প্রয়োজনীয়তার উপর প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ
- ০৩। ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনকে কেন্দ্র করে প্রার্থীদের প্রচার-প্রচারণা চলছে
- ০৪। ময়মনসিংহে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অভিযানে সারিন্দা ও ধানসিড়ি রেস্টুরেন্টকে জরিমানা

০১। রাজনৈতিক দলগুলোকে সহিংসতা ও নৈরাজ্যের পথ পরিহার করার আহ্বান রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন দেশের রাজনৈতিক দলসমূহকে সহিংসতা ও নৈরাজ্যের পথ পরিহার করে সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠা এবং জনগণ ও গণতন্ত্রের কল্যাণে অহিংসপন্থায় গঠনমূলক কর্মসূচি পালন করার আহ্বান জানিয়েছেন। এক্ষেত্রে তিনি সরকারকেও সংযত আচরণ করার উপদেশ দিয়ে বলেন, উন্নয়নের এ চলমান গতিধারা অব্যাহত রাখতে রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখতে হবে। মঙ্গলবার (৩০ জানুয়ারি) বিকেলে দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দানকালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক সবুজ।

০২। জাতীয় বায়োব্যাংকের প্রয়োজনীয়তার উপর প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে মেডিকেল ও লাইফ সাইন্সের অন্যান্য শাখার উদ্ভাবন ও আবিষ্কারের জন্য একটি বিশ্বমানের জাতীয় বায়োব্যাংক প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। তিনি বলেন, আসুন আমরা এই বায়োব্যাংককে বাস্তবে পরিণত করতে একসঙ্গে কাজ করি। বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে অনুষ্ঠিত 'বাংলাদেশের সঙ্গে বায়োব্যাংকিং: রোগ ব্যবস্থাপনা ও প্রতিরোধে একটি যৌথ পদ্ধতি'- শীর্ষক গোলটেবিল বৈঠকে সম্প্রচারিত এক ভিডিওবার্তায় প্রধানমন্ত্রী মঙ্গলবার (৩০ জানুয়ারি) এ কথা বলেন। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক নিউ টাইমস।

০৩। ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনকে কেন্দ্র করে প্রার্থীদের প্রচার-প্রচারণা চলছে

জাতীয় সংসদ নির্বাচনের রেশ কাটতে না কাটতেই ময়মনসিংহ নগরীতে নতুন করে ভোটের হাওয়া লাগতে শুরু করেছে। আগামী ০৯ মার্চ ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনের সম্ভাব্য তারিখ ঘোষণার পর থেকে সম্ভাব্য প্রার্থীরা শহরের বিভিন্ন স্থানে পোস্টার, ব্যানার, ফেস্টুনসহ গণসংযোগের মাধ্যমে প্রচারণা কার্যক্রম শুরু করে দিয়েছেন। এ নির্বাচনে ময়মনসিংহ সিটি মেয়রসহ ১১ জন নারী কাউন্সিলর ও ৩৩ জন ওয়ার্ড কাউন্সিলর নির্বাচিত হবেন। চলতি নির্বাচনে ৩ লাখ ৩৬ হাজার ৪৯০ জন ভোটার ভোটাধিকার প্রয়োগ করবে বলে জানিয়েছে জেলা নির্বাচন অফিস। সূত্র: দৈনিক সবুজ।

০৪। ময়মনসিংহে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অভিযানে সারিন্দা ও ধানসিড়ি রেস্টুরেন্টকে জরিমানা

রান্নাঘরে অস্বাস্থ্যকর পরিবেশ, ফ্রিজে তেলাপোকাসহ বাসি খাবার রাখায় ময়মনসিংহের দুই অভিজাত রেস্টুরেন্ট- সারিন্দা ও ধানসিড়িকে তিন লাখ টাকা জরিমানা করেছে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। মঙ্গলবার (৩০ জানুয়ারি) দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত নগরীর সিকে ঘোষ রোড এলাকায় অভিযান চালিয়ে সারিন্দা রেস্টুরেন্টকে ২ লাখ এবং ধানসিড়ি রেস্টুরেন্টকে ১ লাখ টাকা জরিমানা করা হয়। অভিযান পরিচালনা করেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নির্বাহী মেজিস্ট্রেট মো. আক্তারুজ্জামান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক সবুজ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ:** কৃষিজমির মাটি চলে যাচ্ছে ইট ভাটায়। ফলে উর্বরাশক্তি হারাচ্ছে ফসলি জমি। কমে যাচ্ছে ফসল উৎপাদন। বাড়ছে ঘরবাড়ি, শিল্প কারখানা, রাস্তাঘাট, হাটবাজারসহ নানা প্রয়োজনে জমির চাহিদা। সেখানে ক্রমাগতভাবে কমছে কৃষিজমির পরিমাণ। কৃষি জমির মাটিকাটা অবিলম্বে বন্ধ করা হোক। পাশাপাশি যেসব ইটভাটা অবৈধভাবে কৃষিজমির মাটি নেবে সেগুলো স্থায়ীভাবে বন্ধ করতে হবে ও প্রশাসনকে আরো কঠোর হতে হবে।
- (খ) **দৈনিক সবুজ:** বাংলাদেশের বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে শিশুদের একটি বড় অংশ অবহেলিত, নিষ্পেষিত ও নিপীড়িত। দরিদ্রতার কারণে দেশের অনেক পরিবার শিশুদের চাহিদা পূরণ করতে পারেনা। ফলে দেখা যায় ক্ষুধা মেটাতে অনেক শিশু নেমে পড়ে রাস্তায়। সুবিধাবঞ্চিত শিশুদের জন্য আলাদাভাবে স্কুল খুলে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করতে হবে। মাদকাসক্ত শিশুদের পুনর্বাসনসহ যেসব পথশিশু অপরাধের সাথে জড়িত, তাদের শনাক্ত করার পাশাপাশি সংশোধনের উদ্যোগ নিতে হবে।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** গত বছর দেশে ৫১৩ জন শিক্ষার্থী আত্মহত্যা করেছে। আত্মহত্যাকারীদের ৬০ শতাংশ নারী। আত্মহত্যাকারীদের একটি উল্লেখযোগ্য অংশ শিক্ষার্থী। কাজেই শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে কাউন্সিলিংয়ের ব্যবস্থা করা যায় কিনা সেটা সংশ্লিষ্টদের ভেবে দেখতে হবে। স্বাস্থ্য, শিক্ষা, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদপ্তরকে আত্মহত্যা প্রতিরোধে সমন্বিত উদ্যোগ নিয়ে কাজ করতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। রাজধানীতে আশঙ্কাজনকহারে বাড়ছে বায়ুদূষণ- ফারদিন রেদোয়ান (দৈনিক স্বজন)
- ০২। জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে কৃষি, কাজে লাগাতে হবে অভিযোজন তহবিল- মৃত্যুঞ্জয় রায় (দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ)
- ০৩। ওষুধের দাম বাড়ানোর দাবির কি নিষ্পত্তি হবে- হাসান মামুন (দৈনিক সবুজ)

#